হাইকোর্ট ফৌজদারী ফরম নং- ৬

নম্বর ২০

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ
(ফৌজদারী আপীল অধিক্ষেত্র)

উপস্থিতঃ

বিচারপতি জনাব মোঃ আশরাফুল কামাল

ফৌজদারী আপীল নং ৫৭৯০/২০২০

সংগে

ফৌজদারী আপীল নং ৫৮২৮/২০২০

মোঃ কামরুজ্জামান সরকার

----সাজাপ্রাপ্ত-আপীলকারী।

-বনাম-

রাষ্ট্র ও অন্য

------প্রতিপক্ষদ্বয়

(ফৌজদারী আপীল নং- ৫৭৯০/২০২০)

মোঃ আঃ রহিম

------ সাজাপ্রাপ্ত আপীলকারী।

-বনাম-

রাষ্ট্র ও অন্য

-------- প্রতিপক্ষদ্বয়

(ফৌজদারী আপীল নং- ৫৮২৮/২০২০)

এ্যাডভোকেট সালেহা ইসলাম

---সাজাপ্রাপ্ত-আপীলকারী পক্ষে।

(ফৌজদারী আপীল নং- ৫৭৯০/২০২০)

সিনিয়র এ্যাডভোকেট এস, এম, শাহজাহান সংগে

এ্যাডভোকেট এম, জি, মাহমুদ শাহীন

-------সাজাপ্রাপ্ত-আপীলকারী পক্ষে।

(ফৌজদারী আপীল নং- ৫৮২৮/২০২০)

এ্যাডভোকেট এ,কে,এম ফারহান

----------দুর্নীতি দমন কমিশন পক্ষে

(ফৌজদারী আপীল নং- ৫৭৯০/২০২০ ও ৫৮২৮/২০২০)

এ্যাডভোকেট মোঃ আশেক মোমিন, ডেপুটি এ্যাটর্নী জেনারেল সংগে

এ্যাডভোকেট লাকী বেগম, সহকারী এ্যাটর্নী জেনারেল

এ্যাডভোকেট ফেরদৌসী আক্তার, সহকারী এ্যাটর্নী জেনারেল

-- --রাষ্ট্র-প্রতিপক্ষ পক্ষে।

(ফৌজদারী আপীল নং- ৫৭৯০/২০২০ ও ৫৮২৮/২০২০)

দ্রষ্টব্য ঃ- কালো কালিতে অফিস নোটের একটি ক্রমিক নম্বর এবং লাল কালি কোর্টের আদেশ সমূহের ভিন্ন নম্বর দিতে হবে।
সি-২১/১৮-১৯(ল)/তারিখ ২৫-১১-১৮
গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস- কম্পিউটার শাখা-বি-৮৮৫/২০১৮-২০১৯/(লঃ)-২৭-১১-২০১৮-১,০০,০০০ কপি।

নম্বর ২০

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ

শুনানী তারিখঃ ০৭.১২.২০২২ এবং রায় প্রদানের তারিখঃ ১৪.১২.২০২২।

বিচারপতি জনাব মোঃ আশরাফুল কামালঃ

ফৌজদারী আপীল নং- ৫৭৯০/২০২০ এবং ফৌজদারী আপীল নং- ৫৮২৮/২০২০ একই রায় ও দন্ডাদেশ থেকে উদ্ভুত বিধায় অত্র আপীলদ্বয় একক রায়ে নিষ্পত্তি করা হলো।

জনাব শেখ নাজমুল আলম, বিজ্ঞ বিশেষ জজ (জেলা ও দায়রা জজ) বিশেষ জজ আদালত নং- ৪, ঢাকা কর্তৃক বিশেষ মামলা নং- ২৩/০৯ (দক্ষিণখান থানার মামলা নং- ১৩, তারিখ ১৫.০৬.২০০৭, এ,সি,সি, জি. আর. মামলা নং- ৫৪/২০০৭ ধারা- ১৬১ দন্ডবিধি এবং ধারা ৫(২) দুর্নীতি প্রতিরোধ আইন, ১৯৪৭ হতে উদ্ভুত)-এ অত্র আপীলকারী মোঃ কামরুজ্জামান সরকার ও মোঃ আঃ রহিমদ্বয়কে দন্ডবিধির ১৬১ ধারা এবং দুর্নীতি প্রতিরোধ আইন, ১৯৪৭ এর ৫(২) ধারার অপরাধে দোষী সাব্যস্থ করে উভয়কে দুর্নীতি প্রতিরোধ আইন, ১৯৪৭ এর ৫(২) ধারায় ০৫ (পাঁচ) বছর সশ্রম কারাদন্ড এবং ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা অর্থদন্ড অনাদায়ে আরও ০৩ (তিন) মাসের সশ্রম কারাদন্ড প্রদান করার বিগত ইংরেজী ১১.১০.২০২০ রায় ও দন্ডাদেশের বিরুদ্ধে অত্র আপীলদ্বয়।

অত্র মোকদ্দমাদ্বয় নিস্পত্তির লক্ষ্যে ঘটনার সংক্ষিপ্ত বিবরণ এই যে,

ঢাকা জেলার দক্ষিণখানস্থ নিপ্পন সোয়েটার্স এর মালিক ডি এম আসাদুজ্জামান আওলাদ তার প্রতিষ্ঠানে গ্যাস মিটার সংযোগের আবেদন করলে তিতাস গ্যাসের উপ-সহকারী প্রকৌশলী মোঃ কামরুজ্জামান সরকার ও টেকনিশিয়ান আঃ রহিম ১৫,০০০/-টাকা ঘুষ দাবী করে। ব্যবসার ক্ষতি বিবেচনা করে তিনি টাকা দিতে রাজী হন। অতঃপর বিগত ইংরেজী ১০.০৬.০৭ তারিখ বেলা ৪.০০ টার দিকে আসামী কামরুজ্জামান ২,০০০/-টাকা এবং বিগত ইংরেজী ১৩.০৬.২০০৭ তারিখ বেলা ৪.৪৫ মিনিটে আসামী আঃ রহিম ৭,০০০/-টাকা উক্ত প্রতিষ্ঠানের সহকারী হিসাব রক্ষক মোহাম্মদ আলীর নিকট থেকে গ্রহণ করেন। বক্রী টাকা মিটার সংযোগের দিন তথা বিগত ইংরেজী ১৪.০৬.২০০৭ তারিখে দেওয়ার কথা হয়। বিষয়টি র‍্যাব-১ এ জানানো হয়। বিগত ইংরেজী ১৪.০৬.২০০৭ তারিখ বেলা ৩.০০ টায় আসামীদ্বয় ফ্যাক্টরীর পাশে গ্যাস মিটার সংযোগ কাজ শুরু করলে র‍্যাবের কর্মকর্তা ফ্লাইটঃ লেঃ মোল্লা তৌহিদুল ইসলামের নেতৃত্বে র‍্যাবের লোকজন সাদা পোষাকে আশেপাশে অবস্থান নেয়। মিটার সংযোগের কাজ শেষে আসামী আঃ রহিম ঘুষের বাকী ৬,০০০/-টাকা দাবী করলে জনাব আওলাদ সাহেব ফ্যাক্টরীর ম্যানেজার জনাব মকবুল সাহেবের কাছ থেকে টাকা নিতে বলেন। অতঃপর জনাব মকবুল নিপ্পন সোয়েটার্স এর সাদা খামে ৫০০/-টাকার ১০ টি নোট অর্থাৎ ৫,০০০/-টাকা আঃ রহিমকে প্রদান করলে সে উক্ত টাকা খাম থেকে বের করে গুনতে গেলে আশেপাশে ওৎপেতে থাকা র‍্যাবের লোকজন তাকে ও তার সহযোগী আসামী কামরুজ্জামানকে হাতে নাতে ধরে ফেলে। অতঃপর আসামীদ্বয়কে দক্ষিণখান থানায় সোপর্দ করে দন্ড বিধির ১৬১ ধারা ও ১৯৪৭ সনের

দ্রষ্টব্য ঃ- কালো কালিতে অফিস নোটের একটি ক্রমিক নম্বর এবং লাল কালি কোর্টের আদেশ সমূহের ভিন্ন নম্বর দিতে হবে।
সি-২১/১৮-১৯(ল)/তারিখ ২৫-১১-১৮
গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস- কম্পিউটার শাখা-বি-৮৮৫/২০১৮-২০১৯/(লঃ)-২৭-১১-২০১৮-১,০০,০০০ কপি।

নম্বর ২০

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ
		আইনের ৫(২) ধারায় অত্র মামলা রুজু করা হয়। দক্ষিণখান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা পুলিশ পরিদর্শক জনাব ফজলুর রহমান এই মামলাটি রেকর্ড করেন। দক্ষিণখান থানার এস,আই হারুন অর রশিদ প্রথমে মামলার তদন্ত শুরু করে। পরবর্তীতে দক্ষিণখান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা পুলিশ A পরিদর্শক আকতার হোসেন তদন্ত করেন। অতঃপর পুলিশ কমিশনারের কার্যালয়, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা এর স্মারক নং- অপরাধ /১২-০৭/বিবিধ-৪/৮১৪৮ তাং ১৯/৬/০৭ ইং মূলে মামলাটি তদন্তের জন্য দুর্নীতি দমন কমিশনে প্রেরণ করা হয়। দুর্নীতি দমন কমিশনের স্মারক নং-সি/১৫১/২০০৮ (অনুঃ ও তদন্ত-১)/ঢাকা/৯৩০৩, তাং ১৬/৬/০৮ ইং মূলে মামলাটির তদন্তভার মোঃ জাহিদ হোসেন এর উপর দেওয়া হলে বিগত ইংরেজী ১৭/৬/০৮ তারিখে তিনি এই মামলার তদন্তভার গ্রহণ করে। তদন্তকালে ঘটনাস্থল পরিদর্শন, সাক্ষীদের বক্তব্য ও রেকর্ডপত্র পর্যালোচনা করে তিনি ঘটনার সাথে আসামীদের সংশ্লিষ্টতার বিষয় নিশ্চিত হওয়ায় আসামী (১) জনাব মোঃ কামরুজ্জামান সরকার, পিতা-মৃত আঃ মান্নান সরকার, উপ-সহকারী প্রকৌশলী (সাময়িক বরখাস্তকৃত), তিতাস গ্যাস অফিস, ডেমরা, ঢাকা। গ্রাম-তুলাতুলী, থানা-দাউদকান্দি, জেলা-কুমিল্লা ও (২) জনাব মোঃ আঃ রহিম, পিতা মৃত-আব্দুল ওয়াহেদ, টেকনিশিয়ান (সাময়িক বরখাস্তকৃত), তিতাস গ্যাস অফিসে, ডেমরা, ঢাকা। গ্রাম-বিদ্যা বাগিস, থানা-কালকিনি, জেলা-মাদারীপুরদের বিরুদ্ধে দন্ড বিধির ১৬১ ধারা এবং ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারায় অভিযোগ পত্র দাখিল করেন । অভিযোগ পত্র দাখিল এর পর মোকদ্দমাটি বিজ্ঞ মহানগর জ্যেষ্ঠ বিশেষ বিচারক ঢাকা অদালতে বিচারের জন্য প্রেরন করা হলে বিজ্ঞ অদালত অসামীদের বির‍ুদ্ধে দন্ডবিধির ১৬১ ধারা এবং ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ অইনের ৫(২) ধারায় বিচারের জন্য মোকদ্দমাটি আমলে নেন। পরবর্তীতে মামলাটি বদলী হয়ে বিশেষ আদালত, ঢাকায় স্থানান্ড়র হলে বিজ্ঞ আদলত আসামীদের বির‍ুদ্ধে বিগত ইংরেজী ১৭.০৯.২০০৯ তারিখের আদেশ মূলে দন্ডবিধির ১৬১ ধারা এবং ১৯৪৭ সালের দূর্নীতি প্রতিরোধ অইনের ৫(২) ধারায় অভিযোগ গঠন করেন। যার বির‍ুদ্ধে আসামী মোঃ কামর‍ুজ্জামান সরকার ফৌজদারী বিবিধ মোকদ্দমা নং- ৩৩৯৫৭/২০১১ দাখিল করলে হাইকোর্ট বিভাগ র‍ুল ও স্থগিতাদেশ প্রদান করেন। উক্ত স্থগিতাদেশের বির‍ুদ্ধে দূর্নীতি দমন কমিশন মহামান্য সুপ্রীম কোর্ট এর আপীল বিভাগে ফৌজদারী পিটিশন ফর লিভ টু অপীল নং- ৫২৪/২০১৪ দায়ের করলে মহামান্য আপীল বিভাগ বিচারিক আদালতের মামলা চলতে কোন বাধা নাই মর্মে সিদ্ধান্ড় প্রদান করতঃ লিভ টু আপীল মামলা নিস্পত্তি করলে বিচারিক অদালত মামলাটি শুনানী শুর‍ু করেন। রাষ্ট্রপক্ষ মামলা প্রমাণের জন্য ৮ জন সাক্ষীর মধ্যে ৭ জন সাক্ষী উপস্থাপন করেন। অপরদিকে, আসামীপক্ষ ২ জন সাফাই সাক্ষী প্রদান করেন। শেখ নাজমুল আলম বিজ্ঞ বিশেষ জজ, (জেলা ও দায়রা জজ) বিশেষ জজ আদালত নং-

নম্বর ২০

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ
		৪, ঢাকা বিশেষ মামলা নং ২৩/২০০৯ (দক্ষিণখান থানার মামলা নং ১৩(৬)০৭ তারিখ ১৫.০৬.২০০৭, জি,আর নং ১৬৭/০৭ হতে উদ্ভুত) শুনানী অন্তে বিগত ইংরেজী ১১.১০.২০২০ তারিখের রায় ও আদেশ মূলে মোঃ কামরুল সরকার এবং (২) মোঃ আঃ রহিম এর বিরুদ্ধে ধারা ১৬১ দন্ডবিধি এবং ধারা ৫(২) দুর্নীতি প্রতিরোধ আইন, ১৯৪৭-এ অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমানিত পেয়ে তাদেরকে উক্ত ধারায় দোষী সাব্যস্থক্রমে প্রত্যেককে ৫(পাঁচ) বৎসর সশ্রম কারাদন্ড এবং ২৫,০০০/-(পচিশ হাজার) টাকা জরিমানা অনাদায়ে আরও ৩(তিন) মাসের কারাদন্ড প্রদান করেন। উপরিল্লিখিত রায় ও আদেশে সংক্ষুদ্ধ হয়ে দন্ডপ্রাপ্ত-আপীলকারীদ্বয় মোঃ কামরুজ্জামান সরকার এবং মোঃ আঃ রহিম ফৌজদারী কার্যবিধির ১০ ধারায় অত্র ফৌজদারী আপীল মোকদ্দমাদ্বয় দায়ের করলে আপীলদ্বয় শুনানীর জন্য গৃহীত হয়। আপীলকারী মোঃ কামরুজ্জামান সরকার এর পক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট সালেহা ইসলাম বিস্তারিতভাবে যুক্তিতর্ক উপস্থাপন করেন এবং আপীলকারী মোঃ আঃ রহিম এর পক্ষে বিজ্ঞ সিনিয়র এ্যাডভোকেট এস, এম, শাহজাহান বিস্তারিতভাবে যুক্তিতর্ক উপস্থাপন করেন। অপরদিকে ২নং প্রতিপক্ষ দুর্নীতি দমন কমিশন পক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট এ,কে,এম ফারহান বিস্তারিতভাবে যুক্তিতর্ক উপস্থাপন করেন। অত্র ফৌজদারী আপীল মেমো এবং অধস্তন আদালতের নথী পর্যালোচনা করলাম। আসামী-আপীলকারীদ্বয় পক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট সালেহা ইসলাম ও বিজ্ঞ সিনিয়র এ্যাডভোকেট এস, এম, শাহজাহান এবং ২নং প্রতিপক্ষ দুর্নীতি দমন কমিশন পক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট এ,কে,এম ফারহান ত্রয়ের যুক্তিতর্ক শ্রবণ করলাম। **গুরুত্বপূর্ণ বিধায় অত্র মোকদ্দমার প্রাথমিক তথ্য বিবরণী নিম্নে অবিকল অনুলিখন হলোঃ** ***প্রাথমিক তথ্য বিবরণী।*** *(নিয়ন্ত্রণ নং-২৪৩)* *থানায় পেশকৃত ফৌজদারী বিধান কোষের ১৫৪ নং ধারায় ধর্তব্য অপরাধ সংক্রান্ত প্রাথমিক তথ্য ।* *উপজেলা-দক্ষিনখান জেলা-ডিএমপি, ঢাকা ।* *নং- ১৩/১৬৭, ঘটনার তারিখ ও সময় ইং ১৩/৬/০৭ তারিখ বিকাল অনুঃ ১৩.৪৫ তাং ১৪/৬/০৭ তারিখ ১৭.৪৫ ঘটিকা* ***পেশ করার তারিখ ও সময়ঃ*** *১৫/০৬/০৭, ১৬:৪৫* ***ঘটনার স্থান, থানা হইতে দূরত্ব ও দিক এবং দায়িত্বাধীন এলাকা নং-*** *ঘটনাস্থলঃ- দক্ষিনখান থানাধীন চেয়ারম্যান মার্কেট এর নিপ্পন সুয়েটার্স নামক গার্মেন্টস নিকটে মেসার্স মহিউদ্দিন এন্ড সন্স চাউলের দোকানের সামনে, মাস্টার পাড়া দক্ষিনখান, বাজার থানা হইতে অনুমান ১/২ কিঃ মিঃ পশ্চিম দিকে।*

গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস- কম্পিউটার শাখা-বি-৮৮৫/২০১৮-২০১৯/(লঃ)-২৭-১১-২০১৮-১,০০,০০০ কপি।

হাইকোর্ট ফৌজদারী ফরম নং- ৬

নম্বর ২০

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ

জে.এল নং ১৯৪ দক্ষিনখান ইউপি

থানা হইতে প্রেরণের তারিখঃ-১৬/৬/০৭

সংবাদদাতা এবং অভিযোগকারীর নাম ও বাসস্থান/ঠিকানাঃ-

ডি এম আসাদুজ্জামান আওলাদ পিং আলহাজ্ব ওয়াহেদ আলী দেওয়ান সাং পাঁচগাও থানা-টঙ্গীবাড়ী জেলা-মুন্সিগঞ্জ এ/পি ব্যবস্থাপনা পরিচালক নিপ্পন সুয়েটার্স লিঃ দক্ষিন খান চেয়ারম্যান মার্কেট দক্ষিণখান ঢাকা।

আসামীর নাম ও বাসস্থান/ঠিকানা :-

১। মোঃ আঃ রহিম (৪৮) পিতা মৃত আব্দুল ওয়াহেদ মোলণ্ঢা, সাং-বিদ্যাবাগিচা, থানা-কালকিনি জেলা-মাদারীপুর এ/পি টেকনিশিয়ান তিতাস গ্যাস অফিস, ডেমরা ঢাকা।

২। মোঃ কামরুজ্জামান সরকার (৩২) পিতা মৃতঃ আঃ মান্নান সরকার, সাং তুলাতলা, থানা- দাউদকান্দি, জেলা-কুমিলণ্ঢা। এ/পি- উপসহকারী প্রকৌশলী তিতাস গ্যাস অফিস ডেমরা ঢাকা ।

ধারাসহ অপরাধ এবং লুণ্ঠিত দ্রব্যাদির সংক্ষিপ্ত বিবরণ :

ধারা-১৬১ দঃ বিঃ তৎসহ ১৯৪৭ সনের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) সরকারী কর্মচারী হইয়া ঘুষ গ্রহন এবং অপরাধ মুলক সমদাচরন এর অপরাধ।

তদন্ড় চালনার কর্ম তৎপরতা এবং বিলম্বে তথ্য রেকর্ড করার কৈফিয়ত।

মামলার ফলাফল।

বাদীর লিখিত টাইপকরা অভিযোগ থানায় প্রাপ্ত হইয়া এজাহারের সকল কলাম পুরন করিয়া অত্র মামলা রুজু করা হইল।

খতিয়ানে নোট করা হইল বিলম্বের কারণ এজাহারে উলেণ্টখ আছে। মামলাটি এস.আই মোঃ হারুন অর রশিদ তদন্ড় করিবেন।

বাদীর লিখিত টাইপ করা অভিযোগ মূল এজাহার হিসাবে জব্দ করিয়া অত্র সাথ প্রস্তুত করা হইল।

স্বা/- মোঃ ফজলুর রহমান বিপিএম, পিপিএম পুলিশ পরিদর্শক ভারপ্রাপ্ত কর্মকর্তা দক্ষিণখান থানা ডি.এম.পি, ঢাকা। ১৫.০৬.০৭	*স্বা/- মোঃ ফজলুর রহমান বিপিএম, পিপিএম পুলিশ পরিদর্শক ভারপ্রাপ্ত কর্মকর্তা দক্ষিণখান থানা ডি.এম.পি, ঢাকা। ১৫.০৬.০৭*

বরাবর,
ভারপ্রাপ্ত কর্মকর্তা
দক্ষিণখান থানা
ডিএমপি, ঢাকা।

দ্রষ্টব্য ঃ- কালো কালিতে অফিস নোটের একটি ক্রমিক নম্বর এবং লাল কালি কোর্টের আদেশ সমূহের ভিন্ন নম্বর দিতে হবে।

সি-২১/১৮-১৯(ল)/তারিখ ২৫-১১-১৮
গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস- কম্পিউটার শাখা-বি-৮৮৫/২০১৮-২০১৯/(লঃ)-২৭-১১-২০১৮-১,০০,০০০ কপি।

হাইকোর্ট ফৌজদারী ফরম নং- ৬

নম্বর ২০

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ
		বিষয় :- এজাহার প্রসঙ্গে। *জনাব,* *সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি ডিএম আসাদুজ্জামান আওলাদ, পিং- আলহাজ্ব ওয়াহেদ আলী দেওয়ান, সাং-পাঁচগাও, থানা-টঙ্গী বাড়ি, জেলা-মুন্সিগঞ্জ। বর্তমানে- ব্যবস্থাপনা পরিচালক নিপ্পন সোয়েটার্স লিঃ, দক্ষিণখান চেয়ারম্যান মার্কেট, দক্ষিণখান, ঢাকা। গ্রেফতারকৃত আসামী ১। মোঃ আঃ রহিম (৪৮), পিতা-মৃত আব্দুল ওয়াহেদ মোলণ্ঢা, সাং-বিদ্যাবাগিশ, থানা-কালকিনি, জেলা-মাদারীপুর। বর্তমান-ট্যেকনিশিয়ান তিতাস গ্যাস অফিস, ডেমরা, ঢাকা। ২। মোঃ কামর"জ্জামান সরকার (৩২), পিং-মৃত আঃ মান্নান সরকার, সাং-তুলাতলী, থানা-দাউদকান্দি, জেলা-কুমিলণ্ঢা। বর্তমানে উপ সহকারী প্রকৌশলী, তিতাস গ্যাস অফিস, ডেমরা, ঢাকা ও উদ্ধারকৃত ৫০০০.০০ টাকা কোম্পানীর সাদা খামসহ আসামীদের দুইটি পরিচয় পত্র, ০১টি সাইট প্রতিবেদন বই, ০৭টি ফাইল কভার (০৬টি গোলাপী এবং ০১টি আকাশী রংয়ের), যাহার উপরে তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানীর লেখা বিভিন্ন কাস্টমারদের ফাইল ও ০১টি কালো সাইড ব্যাগ সহ র‌্যাবের সহায়তায় থানায় হাজির হইয়া এই মর্মে এজাহার দায়ের করিতেছি যে, আমার নিপ্পন সোয়েটার্স লিঃ, দক্ষিণখান চেয়ারম্যান মার্কেট, দক্ষিণখান, ঢাকার গ্যাস লাইন মিটার সংযোগ দেয়ার জন্য আসামীদ্বয় ১৫০০০.০০ টাকা ঘুষ দাবী করে। আমি আসামী দ্বয়ের দাবীকৃত মুখের টাকা দিতে অপারগতা প্রকাশ করিলে আসামীদ্বয় দাবীকৃত ঘুষের টাকা না দিলে ফ্যাক্টরীর গ্যাস লাইন মিটার সংযোগ দেয়া হবে না বলিয়া জানায় এবং গ্যাস সংযোগ ও মিটার স্থাপনে তারা ব্যক্তিগতভাবে ১৫০০০.০০ টাকা ঘুষ দাবী করে, যা দিতে আমি অসম্মত হই। গ্যাস বন্ধ থাকায় আমার ব্যবসার ব্যাপক ক্ষতি সাধিত হয়। আমার এই ব্যবসায়ীকে ক্ষতিকে পুঁজি করে তিতাস গ্যাসের কর্মচারী আসামী মোঃ কামর"জ্জামান সরকার গত ইং ১০-০৬-০৭ ইং তারিখে ১৬.০০ ঘটিকার সময় ২০০০.০০ টাকা এবং আসামী আঃ রহিম গত ইং ১৩/০৬/০৭ ইং তারিখ বিকাল অনুমান ১৬.৪৫ ঘটিকার সময় ৭০০০.০০ টাকা ফ্যাক্টরীর সহকারী হিসাবরক্ষক মোহাম্মদ আলীর নিকট হইতে নিয়ে যায়। আসামীদ্বয় ব্যক্তিগতভাবে টাকা গ্রহণ করে আমাকে গ্যাস মিটার সংযোগ দিতে সম্মত হয়। তখন আসামীদ্বয় জানায় যে, বাকি ৬০০০.০০ টাকা গ্যাস ও লাইন মিটার সংযোগ দেয়ার পর পরিশোধ করিতে হইবে বলিয়া চাপ সৃষ্টি করে। তখন উপায়ন্ড়র না দেখিয়া আসামীদ্বয়ের চাপের মুখে গ্যাস লাইন মিটার সংযোগের পরে টাকা দেয়ার কথা স্বীকার করি। পরবর্তীতে তিতাস গ্যাস অফিসে যোগাযোগ করিলে আসামী আঃ রহিম ও মোঃ কামর"জ্জামান সরকার জানায় যে, ইং ১৪/৬/০৭ তারিখে গ্যাস ও লাইন মিটার সংযোগ দেয়া হইবে। বিষয়টি*

দ্রষ্টব্য ঃ- কালো কালিতে অফিস নোটের একটি ক্রমিক নম্বর এবং লাল কালি কোর্টের আদেশ সমূহের ভিন্ন নম্বর দিতে হবে।

সি-২১/১৮-১৯(ল)/তারিখ ২৫-১১-১৮
গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস- কম্পিউটার শাখা-বি-৮৮৫/২০১৮-২০১৯/(লঃ)-২৭-১১-২০১৮-১,০০,০০০ কপি।

হাইকোর্ট ফৌজদারী ফরম নং- ৬

নম্বর ২০

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ
		বিস্তারিত র‌্যাব-১, উত্তরা, ঢাকা কর্তৃপক্ষকে অবহিত করি। পূর্বে দেওয়া তারিখ মোতাবেক আসামীদ্বয় ইং ১৪/৬/০৭ তারিখ ১৫.০০ ঘটিকার সময় ফ্যাক্টরীতে আসিয়া গ্যাস লাইন মিটার সংযোগ দেওয়ার কাজ শুরু করে। তখন র‌্যাব সদস্যগন ফ্লাইট লেঃ মোল্লা মোহাম্মদ তহিদুল হাসানের নেতৃত্বে ফ্যাক্টরীর আশেপাশে সাদা পোষাকে অবস্থান করতে থাকে। গ্যাস ও লাইন মিটার সংযোগ শেষে আসামী আঃ রহিম ঘুষের বাকি ৬০০০.০০ টাকা দাবী করিলে আমি বলি যে, টাকা জেনারেল ম্যানেজার মকবুল সাহেবের নিকট দেয়া আছে। আসামী আঃ রহিম জেনারেল ম্যানেজার মকবুল সাহেবের নিকট টাকা চাহিলে মকবুল সাহেব নিপ্পন সোয়েটার্স কোম্পানীর সাদা খামে ৫০০০.০০ টাকা (৫০০ টাকার ১০টি নোট) প্রদান করে। আসামী আঃ রহিম ঘুষের ৫০০০.০০ টাকা পুনরায় খাম হইতে বাহির করিয়া গননা করার সময় তাহার অপর সহযোগী আসামী কামরুজ্জামান সরকার ও ঘুষের ৫০০০.০০ টাকা সহ হাতে নাতে ইং ১৪/০৬/০৭ ইং তারিখে দক্ষিণখান থানাধীন মেসার্স মহিউদ্দিন এন্ড সন্স চাউলের দোকানের সামনে, মাস্টার প্লাজা, দক্ষিণখান বাজার (মাজার রোড) দক্ষিণখান ঢাকার নিকট ১৭.৪৫ ঘটিকার সময় র‌্যাব সদস্যগন ধৃত করে। জিজ্ঞাসাবাদে আসামীদ্বয় অদ্য ঘুষ বাবদ নিপ্পন সোয়েটার্স লিঃ হইতে ৫০০০.০০ টাকা নেওয়ার কথা স্বীকার করে এবং ইতিপূর্বে তাহারা ১০০০.০০ টাকা নেওয়ার কথাও স্বীকার করে। র‌্যাব সদস্যগন উক্ত ঘুষের ৫০০০.০০ টাকা (৫০০ টাকার নোট ১০ টি) যাহার গায়ের নম্বর যথাক্রমে (১) খঠ-৪৫২০৩০৯, (২) প-৬৭০৬২৬০, (৩) খঝ ৯৭৭৫৬২৭, (৪) কঘ ০৯৮৩৮১৫, (৫) খঙ-৮২৪৮১১৩ (৬) ঙ- ১৩৮৮৮১৫, (৭) খক ৫১২১৯১৯, (৮) কক ১৫৫৬৫৩১, (৯) কশ ২৫৯৮৬৮৭, (১০) ল ৮১০৪৪৮৩ যাহা নিয়ন সোয়েটার্স লিঃ কোম্পানীর সাদা খামে, ০১ টি সাইড প্রতিবেদন বই, তিতাস গ্যাস ট্রান্স মিশন এন্ড ডিষ্টিবিউশন কোম্পানী লিঃ লেখা কাস্টমারের ০৭ টি ফাইল কভার যাহার ০৬টির রং গোলাপী এবং ০১টির রং আকাশী, আসামীদের ০২টি পরিচয়পত্র, ০১টি কালো সাইট ব্যাগ, যাহার উপরে ষ্টিলের মনোগ্রামে wolves king LEATHER ® লেখা আছে, যাহা উপস্থিত সাক্ষী ১। মোঃ শফিকুর ইসলাম শফিকুল (৪৩), পিং-মৃত ফজলুল হক দেওয়ান, সাং-বরুয়া (দক্ষিণপাড়া), থানা-খিলক্ষেত, ঢাকা। বর্তমানে দক্ষিণখান বাজার দেওয়ান ষ্টোর, মাজার রোড দক্ষিণখান, ঢাকা। ২। মোঃ মকবুল হোসেন (৫২), পিং-মৃত মহিউদ্দিন আহাম্মেদ, সাং-সৈয়দ নগর, দক্ষিণখান, ঢাকা। বর্তমানে ম্যানেজার নিপ্পন সোয়েটার্স লিঃ, দক্ষিণখান চেয়ারম্যান মার্কেট, দক্ষিণখান, ঢাকা। ৩। কং/৫৮২৮ মোঃ গোলাম ফারুক, র‌্যাব -১, উত্তরা, ঢাকাদের মোকাবেলায় জব্দ তালিকা মোতাবেক জব্দ করিয়া হেফাজতে নেন। পরবর্তীতে আসামী জব্দকৃত ৫০০০.০০ টাকা ও মালামালসহ র‌্যাব ফোর্সের সহায়তায় থানায় হাজির হইয়া অত্র

দ্রষ্টব্য ঃ- কালো কালিতে অফিস নোটের একটি ক্রমিক নম্বর এবং লাল কালি কোর্টের আদেশ সমূহের ভিন্ন নম্বর দিতে হবে।

সি-২১/১৮-১৯(ল)/তারিখ ২৫-১১-১৮
গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস- কম্পিউটার শাখা-বি-৮৮৫/২০১৮-২০১৯/(লঃ)-২৭-১১-২০১৮-১,০০,০০০ কপি।

নম্বর ২০

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ
		এজাহার দাখিল করিলাম। আসামীদ্বয় পরস্পর যোগসাজসে চাপ সৃষ্টি করিয়া ঘুষ গ্রহণ করিয়া শাস্তিযোগ্য অপরাধ করিয়াছে। *অতএব, প্রার্থনা যে আসামীদ্বয়ের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহনে মর্জি হয়। প্রকাশ থাকে যে ফ্যাক্টরীর কর্মকর্তাদের সাথে আলোচনা করিয়া এজাহার লিখিয়া থানায় দাখিল করিতে কিছুটা বিলম্ব হইল।* *বিনীত* *তারিখঃ- ১৫ জুন ২০০৭* *স্বা/- ডি, এম, অসাদুজ্জামান অওলাদ* **অত্র মোকদ্দমায় প্রসিকিউশন পক্ষের সাক্ষীগণের সাক্ষ্যসমূহ নিম্নে অবিকল অনুলিখন হলোঃ** **পি,ডব্লিউ-১ এর জবানবন্দি।** **মোঃ শফিকুল ইসলাম)** আমার পিতার নাম-মৃত-ফজলুল হক দেওয়ান,মার বাসসহান-বড়ুয়া, পোঃ খিলক্ষেত, উত্তরা, ঢাকা। স্টেশন-খিলক্ষেত।ইহা গত ১৪/৬/২০০৭ ইং তারিখে অনুমান বিকাল ৫.০০-৫.৩০ মিঃময়ের দিকে একটি জব্দ তালিকা আলোচ্য-১, সেখানে ইহা আমার স্বাক্ষর এক্সি-১/১। XXXX আসামী আঃ রহিম পক্ষেঃ আমার দোকানের নাম দেওয়ান ষ্টোর। আমার দোকান মাষ্টার প্লাজার পশ্চিম দিকে ৫/৭ টা দোকানের পর। নিপপন সুইটারস্ মাষ্টার পার্শ্বে। আমার দোকান হতে নিপপন সুইটারস এর গার্মেন্টস ফ্যাক্টরী দেখা যায় বিল্ডিংটা। বিগত ১৪/৬/০৭ ইং তারিখের পূর্বে নিপপন সুইটারস এর গ্যাস লাইন সংযোগ বিচ্ছিন্ন হয়েছে কিনা জানি না। একজন র‍্যাব অফিসার আমাকে ডেকে নিয়ে যায় ঘটনাস্থলে। ঘটনাস্থলে অনেক পাবলিক ছিল এবং ২জন আসামী ছিল হ্যান্ডক্যাপ পরানো। ঘটনাস্থলের পার্শ্বে পান-সিগারেটের দোকান খোলা ছিল তাতে মহিউদ্দীন এন্ড সন্স নামে দোকানটি খোলা ছিল কিনা মনে নাই। মাষ্টার প্লাজার পার্শ্বে কিছু হোটেল ছিল নাম মনে নাই। তবে মালিকের নাম লোকমান।র‍্যাব অফিসার আমাকে প্রথমে জব্দ তালিকায় সই করতে বলেনি। প্রথমে আসামীর হাতে একটা খাম আমাকে দেখায় তার পর ঐ খাম খুলে আমি দেখি যে, ৫০০ টাকার নোট সেখানে ১০টি আছে। তারপর আমি সই করেছি। ঐ খামের টাকা আসামীকে কে, কি উদ্দেশ্যে দিয়েছিল জানিনা। আমি ঘটনাস্থলে যাহা দেখেছি তাহাই তদন্তকারী কর্মকর্তাকে বলেছি। সত্য নয় যে, আমি ঘটনা দেখিনি বা র‍্যাব অফিসারের নির্দেশে জব্দ তালিকায় স্বাক্ষর করেছি। সত্য নয় যে,

গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস- কম্পিউটার শাখা-বি-৮৮৫/২০১৮-২০১৯/(লঃ)-২৭-১১-২০১৮-১,০০,০০০ কপি।

নম্বর ২০

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ
		মিথ্যা সাক্ষ্য দিলাম র‌্যাব কর্মকর্তার ভয়ে।

পি,ডব্লিউ-২ এর জবানবন্দি।

মোঃ আঃ ওহাব্ সরকার।

আমি এস, আই হিসাবে এস পি,বি, এন-২ -তে কর্মরত আছি। গত ১৪/৬/২০০৭ ইং তারিখে র‌্যাব-১ উত্তরায় কর্মরত ছিলাম একই পদে। এম,সি,সি নং-১৮৭৯ এবং ১৪/৬/০৭ মোতাবেক উত্তরায় ডিউটি করছিলাম। গোপন সংবাদের ভিত্তিতে দক্ষিণখান থানাধীন মাষ্টার প্লাজার সামনে সইটার ফ্যাক্টরী নাম-নিককন সইটার সেখানে যাই। ফ্যাক্টরীর গ্যাস সংযোগ দেওয়ার জন্য ২ জন লোক একনজ]আঃ রহিম, অপর জন কামরুজ্জামান তারা তিতাস গ্যাস এর কর্মচারী বা কর্মকর্তা পরিচয় দিয়ে টাকা দাবী করে। ঐ দুইজন কর্মকর্তা/কর্মচারীকে হাতে নাতে ধৃত করেছি। আসামী আঃ রহিমের কাছে ৫০০০/= টাকা পাই খামের মধ্যে। তাহাদের কাছে একটি ব্যাগ পাওয়া যায় কালো রং এর। একটি সাইট প্রতিবেদন বই পাওয়া যায় ঐ ব্যাগে। সাতটি ডিস্ট্রিবিউশন বই পাওয়া যায় বিভিন্ন গ্রাহকের। দুইটি আইডেন্টি কার্ড পাওয়া যায়। সাক্ষীদের উপস্থিতিতে একটা ইনডেনটরী তৈরী করা হয়। উদ্ধারকৃত টাকার মধ্যে ৫০০/-টাকা দশটি নোট নং-খব-৪৫২০৩০৯, প-৬৭০৬২৬০, খ □া-৯৭৭৫৬২৭, ক খ-০৯৮৩৮১৫, খঞ ৮২৪৮১১৩, ও-১৩৮৮৮১৫, খ ক-৫১২১৯১৯, ক ক-১৫৫৬৫৩১ ক শ ২৫১৮৬৮৭, ল-৮১০৪৪৮৩, সাক্ষীদের স্বাক্ষর গ্রহণ করি ও আমি নিজে স্বাক্ষর দেই সেই সিজার লিষ্টে। ইহা সেই সিজার লিষ্ট যাহা ইতমধ্যে এক্সি-১ হিসাবে প্রমান চিহ্নিত হইয়াছে সেখানে ইহা আমার স্বাক্ষর এক্সি-১/২। ইহা সেই কালো হাত ব্যাগ যাহার গায়ে টিনের ষ্টিকারে Wolves Ving Leather ঢালাই কৃত লিখা আছে। বস্তু প্রদর্শনী-1, ইহা ৫০০/-টাকার দশটি নোটি নং উপরে উল্লিখিত হইয়াছে বস্তু প্রদর্শনী-||সিরিজ, ইহা দুইটি পরিচয় পত্র, একটিতে মোঃ কামরুজ্জামান সরকার,ড নং-০০৯৮৭, অপরটি মোঃ আবদুর রহিম, (২) কোড নং-০৭৫৭১ -বস্তু প্রদর্শনী-III সিরিজ। ইহা সাতটি ফাইল যথা-

(১) মেসার্স নিপ্পন সোয়েটার্স লিঃ

(২) মেসার্স হোটেল আরা (আবাসিক),

(3) M/S Nipa Fashion Wear Ind.

(৪) মেসার্স অ্যাপ্যায়ন রেষ্টুরেন্ট,

(৫) মেসার্স গার্মেক্স লিঃ

(৬) তৃপ্তি হোটেল এন্ড রেষ্টুঃ

(৭) মেসার্স ল্যান্ডমার্ক সোয়েটার্স লিঃ,

নম্বর ২০

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ
		যাহা আলোচ্য IV সিরিজ হিসাবে চিহ্নিত করা হইল। ইহা তিতাস গ্যাস, ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোং লিঃ এর সাইট প্রতিবেদন সহি বস্তু প্রদর্শনী- V হিসাবে চিহ্নিত করা হইল। ইহা আমার বক্তব্য। XXX আসামী কামরুজ্জামান পক্ষে জেরা তদন্তকারী কর্মকর্তার কাছে জবানবন্দী দিয়েছি। সত্য নয় যে, জবানবন্দীতে গোপন সংবাদের ভিত্তিতে আমি গিয়েছিলেম তাহা বলিনি। সত্য নয় যে, ২জন আসামীকে তল্লাসী করেছি তাহা জবানবন্দিতে বলি নাই। যা আসামীদ্বয় তিতাস গ্যাস কোম্পানীর কর্মকর্তা ও কর্মচারী। সত্য নয় যে, আসামী কামরুজ্জামান আমাকে জানাইয়াছিল যে, নিপ্পন সোয়েটার্স লিঃ এর গ্যাস কানেকশন ০৭/৬/০৩ ইং তারিখে দেয়া হয় এবং মিটার কারচুপির কারনে তাহাদের মিটার সংযোগ ৩০/৭/০৬ ইং তারিখে বিচ্ছিন্ন করা হয় । সত্য নয় যে, আসামী আমাকে জানায় যে, জরিমানা দিয়ে ঐ গ্যাস সংযোগ পুনঃ স্থাপন করা হয়। সত্য নয় যে, আসামী আমাকে জানাইয়াছে যে, মিটার স্থাপনের কাঠামোর স্থানটি উঁচু ও প্রশস্থ করতে হবে। সত্য নয় যে, নিপ্পন সোয়েটার কর্তৃপক্ষ অসৎ উদ্দেশ্যে ঐ নির্দেশের বাস্তবায়ন করেনি মর্মে আমাকে জানাইয়াছে। সত্য নয় যে, আসামী আমাকে জানায় যে, ২১টি সীলের মধ্যে ০৮ টি মিল সোয়েটার কোম্পানী টেম্পার করেছে এবং অবৈধভাবে গ্যাস ব্যবহার করেছে ঐ সোয়েটার কোম্পানী। সত্য নয় যে, আসামী আমাকে জানিয়েছিল যে, তাহারা নিপপন সোয়েটার কোম্পানীর গ্যাস সংযোগ ০১/১/০৭ ইং তারিখ বিচ্ছিন্ন করেছে। যা উল্লিখিত জব্দকৃত ফাইল ও কাগজপত্র আসামীর কাছে দেইনি। জব্দকৃত ফাইলের মধ্যে গ্রাহক সংকেত নং-৩৪২০০ গ্রাহকের নাম ও ঠিকানা মেসার্স নিপ্পন সোয়েটার্স লিঃ চেয়ারম্যান মার্কেট দক্ষিণ খান উত্তরা ঢাকা লিখা আছে। যা ২৫নং পাতায় ৭নং আইটেমে সীল ভগ্ন এর স্থানে টিক চিহ্ন দেয়া আছে। সত্য নয় যে, অত্র আসামীগন তিতাস গ্যাস কর্তৃপক্ষের নির্দেশ পালনের জন্য অফিসিয়াল ডিউটিতে সেখানে গিয়েছিল। সত্য নয় যে, আসামীগনের ঘটনাস্থলে উপস্থিত থাকিবার অফিসিয়াল দায়িত্ব ছিল। হাঁ জব্দকৃত টাকার কোন পূর্ব ইনভেনটরী আমার কাছে ছিল না। সত্য নয় যে, নিপ্পন কর্তৃপক্ষ তিতাস গ্যাস কর্তৃপক্ষের কাজের ক্ষেত্রে অবৈধ ভাবে বিশৃঙ্খলা সৃষ্টি করেছিল ঘটনার দিন। সত্য নয় যে, নিপ্পন সোয়েটার কর্তৃপক্ষের মিথ্যা প্ররোচনায় আমরা আসামীদের ঘটনার দিন ঘটনাস্থলে আটক করেছিলাম। সত্য নয় যে, আমি অবৈধ প্রভাবিত আসামীদের কাগজপত্র আটক করেছিলাম। সত্য নয় যে, আসামী কামরুজ্জামান ঘটনাস্থলে ঘটনার বিষয়ে কোন প্রকার উৎকোচ গ্রহন বা এই সংক্রান্তে কোন কাজের বিষয়ে জড়িত ছিল না। সত্য নয় যে, কোন কারন ব্যাতিরেকে আসামীকে আটক করা হইয়াছিল।

গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস- কম্পিউটার শাখা-বি-৮৮৫/২০১৮-২০১৯/(লঃ)-২৭-১১-২০১৮-১,০০,০০০ কপি।

হাইকোর্ট ফৌজদারী ফরম নং- ৬

নম্বর ২০

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ
		XXX আসামী আঃ রহিম পক্ষে জেরাঃ উপরোক্ত জেরা এডপটেড তৎসহ নিজের জেড়া আমরা ঘটনার সময় ফ্লাইট প্যাকটেন্যান্ট তহিরুল ইসলামের নের্তৃত্বে ডিউটি করিতে ছিলাম। ঘটনার সময় আমরা কেহ কেহ সাদা পোষাকে কোটি পরিহিত এবং কেহ কেহ পোমাকে ছিলাম। প্লেন ভেসে আমরা ঘটনার সময় কোন ডিউটি করিনি। মহিউদ্দীন এর সঙ্গ চাউলের দোকানের সামনে নিপ্পন সোয়েটার এর ফ্যাক্টরী। আমরা চাউলের দোকানে যাইনি। ঘটনা স্থলে যেতে হলে মহিউদ্দীন এন্ড সঙ্গ এর সম্মুখে দিয়ে যেতে হয়। ঘটনাস্থলে সোয়েটার ফ্যাক্টরীর তিতাস গ্যাস সংযোগ ঘটনার সময় ছিল কিনা দেখিনি। চাউলের দোকান মহিউদ্দীন সঙ্গ একতলা জব্দ তালিকা তৈরীর পর আসামীদের আমাদের গাড়ীতে উঠিয়েছি এবং তাদের র‍্যাব-৩ এর অফিসে নিয়েগিয়েছি। এবং আমি র‍্যাব এর সি.ও এর কাছে আসামীদের বুঝিয়ে দিয়েছি। তবে সময় মনে নাই।আসামীদের কত তারিখে থানায় প্রেরন করা হয়েছে জানি না। আমি জানি না যে, আসামী দ্বয় তিতাস গ্যাস অফিসের আদেশ বাস্তবায়ন করার জন্য ঘটনাস্থলে গিয়েছিল কিনা। সত্য নয় যে, নিপ্পন সোয়েটার কোম্পানী আসামীদের উপর উপর পূর্বের রাগ এর প্রতিশোধ গ্রহণের জন্য মিথ্যা তথ্য দিয়ে আমাদের দ্বারা আসামীদের ধৃত করিয়েছিল। সত্য নয় যে, আমি মামলার তদন্তকারী কর্মকর্তার কাছে ঘুষের টাকা লেনদেনের বিষয়ে আমি কিছু জানি না মর্মে বলেছিলাম। সত্য নয় যে, আসামীর নিকট হতে উল্লিখিত টাকা উদ্ধার হয়নি। সত্য নয় যে, মিথ্যা মামলায় আমাদের ব্যবহার করা হয়েছে। **<u>পিডব্লিউ-৩</u>** <u>মোল্লা মোঃ তৌহিদুল হাসান।</u> আমি উইং কমান্ডার বাংলাদেশ বিমান বাহিনীর কমান্ড এক টাক ট্রেনিং ইন্সটিটিউট এর প্রশিক্ষক হিসাবে কর্মরত আছি। গত ১৪/৬/২০০হ্ম তারিখে র‍্যাব-১ এর সহকারী পরিচালক হিসাবে দায়িত্ব পালন কালে নিপপন সোয়েটার এর ব্যাবসহাপনা পরিচালক জনাব আসাদুজ্জামান আওলাদ আমাকে জানান যে, তিতাস নায়েক এর কর্মচারী ও কর্মকর্তা জনাব আঃ রহিম ও মোঃ কামরুজ্জামান তাদের কোম্পানীর নিকট গ্যাস সংযোগ ও মিটার সহাপনের বিনিময়ে ১৫,০০০/- টাকা ঘুষ দাবী করেছে টাকা আদান প্রদানের কথাছিল সংযোগ সহাপনের পর অভিযোগের প্রেক্ষিতে আমি সংগীয় ফোর্স সহ ঘটনাসহলের আশে পাশে অবসহান লই,সংযোগ সম্পন্ন হইবার পর ঘুষের টাকা প্রদান কালে আসামী আঃ রহিম।কামরুজ্জামান কে উপসিহত সাক্ষীদের উপসিহতিতে গ্রেফতার করি।ঘটনাসহলে আমার সংগীয় কর্মকর্তা এস আই আঃ ওহাব জব্দ তালিকা প্রস্তত করে। পরবর্তীতে বাদী আসাদুজ্জামান আওলাদ দক্ষিন খান থানায়

হাইকোর্ট ফৌজদারী ফরম নং- ৬

নম্বর ২০

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ
		মামলা দায়ের করেন। ইহা আমার বক্তব্য । XXX আসামী কামরুজ্জামান পক্ষে । আমি জব্দ তালিকা প্রস্তুত করিনি বা এজাহার করিনি এজাহারকারী সংগীয় ফোর্স নয় বা আমার নির্দেশে এজাহার দায়ের হয়নি । আমি দক্ষিণ খান থানায় যাইনি (অসমাপ্ত) । পুনঃ জেরাঃ আসামী কামরুজ্জামানের পক্ষে পুনঃ জেরা। নিপ্পন সোয়েটারের ব্যবসহাপনা পরিচালক আসাদুজ্জামান আওলাদ আমাদের নিকট লিখিত কোন অভিযোগ দেয়নি । আসামীদের কে দেওয়ার জন্য মুখের টাকার কোন তালিকা প্রস্তুত করিনি Operation ঘটনাসহলের নিকট বর্তী দোকান মহিউদ্দীন এন্ড সঙ্গ বা এর পুর্বে) । অন্যকোন দোকানের লোক কে আমি ডেকে এনেছি কি-না ষরন নেই এস আই আব্দুল ওহাব উক্ত টাকার একটা জব্দ তালিকা প্রস্তুত করেন। কিন্তু ঐ জব্দ তালিকায় আমি সাক্ষী নেই। এই মুহুর্তে জব্দকৃত ঘুষের টাকা আদালতে নেই। ঐ জব্দকৃত টাকা বা থাকে আমি নিজে কোন সনাক্ত করন চিহ্ন বা স্বাক্ষর দেইনি আসামীকে আমি নিজে ঘুধের টাকা দেইনি সত্য । জব্দ তালিকায় মহিউদ্দিন নামে কোন ব্যক্তি সাক্ষী নেই সত্য । সত্য যে কামরুজ্জামান তিতাসে কর্মরত ছিলেন এবং জব্দ তালিকা মুলেতার পরিচয়পত্র জব্দ করা হয়। সত্য যে জব্দ তালিকা মুলে তিতাস গ্যাসের বিভিন্ন গ্রাহকের ফাইল জব্দ করা হয়। জব্দকৃত বিভিন্ন গ্রহকের ফাইল আমি পর্যালোচনা করিনি এনের পর দিন সত্য নয় যে, জব্দ তালিকা প্রস্তুতকালে কামরুজ্জামান যে এজাহারকারী আসামী সংযোগ বৈধ ভাবে বলেছিল গ্যাস বিচ্ছিন্ন করার পর তা পুনঃ সংযোগ প্রদানের জন্য যে-ঘটনাসহলে গিয়েছিল। সত্য নয় যে, অভিযোগকারী মিথ্যা তথ্য দিয়ে এই আসামীকে আটক করার ব্যবস্থা করেছে মর্মে আসামী আমাকে জন্ম তালিকা প্রস্তুত করার সময় বলেছিল। সত্য নয় যে, আসামী আমাকে কাগজপত্র দেখার জন্য বলেছিল সত্য যে তার নিকট থেকে সে ঘুষের টাকা উদ্ধার আসামী কামরুজ্জামানের হয়নি। তবে ঘুষের টাকা উদ্ধারের সময় ঘটনার সঙ্গে সম্পৃক্ত ছিল। সত্য নয় যে, আসামী কামরুজ্জামান নালিশী ঘুষ লেনদেনের হয়ে সঙ্গে সম্পৃক্ত অযৌক্তিক ভাবে ছিলেন না বা এজাহারকারী দ্বারা প্রভাবিত তাকে আটক করার নির্দেন প্রদান করি সত্য নয় যে, কামরুজ্জামান ঘুষের টাকা চায়নি বা নেয়নি বা আমার নির্দেশে সে নানা ধরনের হয়রানী শিকার হয়। XXX আসামী আব্দুর রহিমের পক্ষে জেরা এজাহারকারী নালিশী বিষয়ে আমাকে Physicall জানায় ঘটনার দিনই আমার অফিসে এসে জানায়। সময় অনুমান বেলা ১/২ টার পরে আমাকে জানায়

নম্বর ২০

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ
		আমি ঐ এলাকার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা হিসাবে অভিযোগটি আমার কাছে জানায় এজাহারকারী আসামীর ব্যক্তিগত পরিচিত ছিলেন না সত্য নয় যে,এজাহারকারী Physically আমাকে নালিশী অভিযোগ করেনি।সত্য নয় যে,নালিশী ঘটনা ঘুষে সম্পর্কিত ছিল না বা টাকার নম্বর আমাকে জানায়নি । মাষ্টার প্লাজা একটা বিল্ডিং ১৩ বছর আগের ঘটনা ঐ বিল্ডিং সম্পর্কে বিস্তারিত মরন নেই। ঐ মাষ্টার প্লাজার কোন ব্যক্তি সাক্ষী হিসাবে ঘটনাসহলে উপসিহত ছিল কি-না স্বরন নেই সত্য নয় যে,আমার নির্দেশে নালিশী ঘটনা হলে কোন জব্দ তালিকা প্রস্তুত হয়নি । আসামীদের র‍্যাব কার্যালয়ের নিয়েছিলাম।আমার জানা মতে পরদিন ই মামলা করা হয়।অধিকতর জিজ্ঞাসাবাদের জন্য আসামীদের র‍্যাব কার্যালয়ে নেই। ঐ দিন মামলা করতে এজাহারকারীকে নিষেধ করিনি। সত্য নয় যে আসামীদের র‍্যাব কার্যালয়ে আটক রাখি বা এজাহারকারী সঙ্গে আলোচনা ও পরমার্শন করে মামলা করার নির্দেশ দেই।নালিশী প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহ দিতে যান কি-না তা আমার জানা নেই ।করেনি বা কোন ঘুষ তাকে দেওয়া হয়নি বা তিনি কোন ঘুষ গ্রহন আসামী একাধিক প্রতিষ্ঠানে গ্যাস সরবরাহ করার পর ঘটনার দিন সর্বশেষ সত্য নয় যে, আসামী এস এ রহিম এজাহারকারীর কাছে কোন ঘুষ দাবী করেননি সত্য নয় যে, এজাহারকারী তার গ্যাস চুরির অভিযোগ ঢাকা যে, এজাহারকারীর মিথ্যা তথ্যের সমর্থনে তার অনুরোধে সাক্ষ্য প্রদান দেওয়ার জন্য মিথ্যা তথ্য দিয়ে এই অভিযোগ দায়ের করেছে সত্য নয় ।(সমাপ্ত) **<u>পি.ডব্লিউ-৪</u>** **মোঃ ফজলুর রহমান** গত ১৫/০৬/২০০৭ তারিখে আমি দক্ষিণখান থানার অফিসার ইন-চার্জ হিসাবে কর্মরত থাকাকালে বাদীর লিখিত অভিযোগ, গ্রেপ্তারকৃত আসামী তিতাস গ্যাসের টেকনিশিয়ান আব্দুর রহিম এবং উপসহকারী পরিচালক কামরুজ্জামান সরকার এবং তাহাদের দখল হইতে উদ্ধারকৃত নগদ-৫০০০/- টাকা ও জব্দ তালিকায় বর্নিত আলামত পাইয়া ১৬.৪৫ ঘটিকায় এফ আই আর ফরমের সকল কলাম পূর্ন করিয়া এই মামলা রেকর্ড করি। উক্ত FIR ফরম এবং উহাতে আমার ২টা স্বাক্ষর এবংপ্রদর্শনী-২ এবং উহাতে স্বাক্ষীর স্বাক্ষর প্রদর্শদনী-২(১) (২) হিসাবে এজাহারে আমার একটি স্বাক্ষর সনাক্ত করিলাম।এজাহার ফরম প্রদর্শনী-৩(১) হিসাবে চিহ্নিত করা গেল। চিহ্নিত করা গেল। উপস্থিত আসামী আঃ রহিম এবং অনুপস্থিত আসামী কামরুজ্জামান সরকার (5404) এর পক্ষে জেরাঃ ঘটনার তারিখ ১৩/০৬/২০০৭ বিকাল অনুমান ১৬.৪৫ ঘটিকা এবং ১৪/০৬/২০০৭ তারিখ বেলা ১৭.৪৫ ঘটিকা। মামলাটি ১৫/০৬/২০০৭ তারিখ

নম্বর ২০

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ
		১৬.৪৫ ঘটিকায় থানায় উপস্থাপন করা হয়। সত্য যে, ঘটনাস্থল হতে থানার দুরত্ব ও কি.মি. থানা থেকে ঘটনাস্থলে যাওয়ার রাস্তা পাকা। সত্য যে, FIR ফরমে জব্দ তালিকা, আলামত ও আসামীকে প্রাপ্ত হইয়া এজাহার ফরম পুরন করি মর্মে লেখা আছে। এজাহার দায়েরের পূর্বে আসামীরা কোথায় ছিল তা এজাহার ফরমে উল্লেখ নেই সত্য। এজাহারে মামলা দায়ের করা সংক্রান্তে আমার প্রদত্ত নোটে আসামী ও আলামত সহ মামলা দায়ের হয় মর্মে উল্লেখ নেই সত্য। এজাহারে উল্লেখ আছে যে ১৪/০৬/২০০৭ তারিখ ১৭.৪৫ ঘটিকায় আসামী গ্রেপ্তার হয়।
		সত্য নয় যে আসামী দায়িত্বহীনভাবে মামলাটি রেকর্ড করি। সত্য নয় যে, আসামী, জব্দ তালিকা ও আলামত আমি এজাহার দায়েরের
		সময় প্রাপ্ত হইনি। (সমাপ্ত)
		<u>পি.ডব্লিউ-৫</u>
		ডি.এম. আসাদুজ্জামান
		আমি এই মামলার অভিযোগকারী। এই মামলার আসামী মোঃ কামরুজ্জামান এবং মোঃ আব্দুর রহিম। তারা যথাক্রমে তিতাস গ্যাস,অফিস, ঢাকা এর উপসহকারী পরিচালক এবং টেকনিশিয়ান। আমার ফ্যাকরী নিপ্পন সোয়েটার্স লিঃ দক্ষিন খান, চেয়ারম্যান বাড়ী, ঢাকায় অবস্থিত। আসামী আমার অফিসে গ্যাস সংযোগের মিটার লাগিয়ে দেওয়ার জানা আমার কাছে =১৫০০০/ টাকা দাবী করে। ১০/০৬/২০০৭ইং তারিখ বেলা ৪.০০ ঘটিকায় তিতাস গ্যাস কোম্পানীর ডেমরা অফিসে গিয়ে আমি আসামী কামরুজ্জামানকে = ২০০০/- টাকা দেই। এরপর ১৩/০৬/২০০৭ তারিখে আমার অফিসে এসে আসামী আব্দুর রহিম ১.৪৫ ঘটিকায় আমার সহকারী একাউন্টেন্ট এর নিকট হতে=৭০০০/- টাকা নিয়ে যায়। কথা থাকে যে গ্যাস সংযোগ প্রদানের দিন আরো = ৬০০০/- টাকা পরিশোধ করতে হবে। আমি ঘটনা RAB-1 কে অবহিত করি। ১৪/০৬/২০০৭ তারিখ বেলা ৩.০০ ঘটিকায় আসামীদ্বয় গ্যাস মিটার সংযোগ দেওয়ার জন্য আমার ফ্যাকটরী আসেন। র‌্যাবের লোকজন ফ্যাকটরির আশ পাশে পূর্ব হতেই Civil dress এ আশে পাশে অবস্থান নেয়। গ্যাসের মিটার সংযোগ দেওয়ার পর আসামী কামরুজ্জামান ও অঃ রহিম আমার কাছে আসেন। আমি ঐ সংযোগ দেওয়ার স্থানেই অবস্থান করছিলাম। তারা আমার কাছে বাকি = ৬০০০/- টাকা দাবী করেন। তখন আমি বলি যে টাকাটা আমার ম্যানেজার মকবুল হোসেনের কাছে দেওয়া আছে। আমার ম্যানেজার মকবুল হোসেনও ঐ গ্যাস সংযোগ স্থানে ছিল এবং তার কাছে পূর্বেই ১০টি ৫০০ টাকার নোট অর্থাৎ = ৫০০০/- টাকা একটা খামে রক্ষিত অবস্থায় দিয়ে রেখেছিলাম। আসামী কামরুজ্জামান ও আব্দুর রহিম খামটি মকবুল হোসেনের নিকট হতে গ্রহন করে খামে রাখা টাকা গুনতে থাকে। তখন আশপাশে

হাইকোর্ট ফৌজদারী ফরম নং- ৬

নম্বর ২০

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ
		উৎপেতে থাকা র‍্যাবের লোকজন টাকা সহ আসামীদের হাতে নাতে ধরে। তাদের ধৃত করে আমার গ্যাস মিটারের পাশে অবস্থিত চাউলের দোকান মহিউদ্দীন এন্ড সন্স এর সামনে হতে। আসামীদ্বয়কে টাকা সহ হাতে নাতে ধৃত করে RAB এর লোকজন আমাকে থানায় এজাহার দায়ের করতে বলেন। আমি কম্পিউটার টাইপকৃত এজাহার নিয়ে থানায় যাই এবং থানায় এজাহার দায়ের করি। আমার দাখিলকৃত এজাহার এবং উহাতে আমার স্বাক্ষর সনাক্ত করিলাম। দাখিলী এজাহারে অভিযোগকারীর স্বাক্ষর প্রদর্শনী-৩ (২)হিসাবে চিহ্নিত করা হল। ঘটনাস্থলে ধৃত আসামীদ্বয় কাঠগড়ায় উপস্থিত আছে।
		X X X আসামী কামরুজ্জামান সরকারের পক্ষে জেরাঃ-
		এজাহারটা আমার কথামত টাইপ করা। সত্য নয় যে, আমার হাতে লেখা কাগজপত্র দেখে জবানবন্দী দিয়েছি। তবে হাতে থাকা একটা কাগজ থেকে তারিখ গুলো বলেছি কারন অনেক আগের কথা। সত্য নয় যে আমি হুবহু আমার হাতে লেখা কাগজ থেকে দেখে দেখে জবানবন্দী করেছি।২০০৩ সালে আমি নিপ্পন সোয়েটার্স লিঃ প্রতিষ্ঠা করি। প্রতিষ্ঠানটি বর্তমানে নেই। ২০০৩ সালের জুন/জুলাই মাসে আমার প্রতিষ্ঠানে গ্যাস সংযোগ দেওয়া হয়। গ্যাস সংযোগ দেওয়ার সঠিক তারিখ স্মরন নেই।সংযোগটি তিতাস গ্যাস কোম্পানী দেয়। এটা একটা সরকারী গ্যাস সংযোগ প্রদানকারী কোম্পানী। গ্যাস সংযোগ পাওয়ার জন্য নির্ধারিত ফরমে আবেদন করেছিলাম। আমার সযোগটি ছিল বানিজ্যিক। সত্য যে, তিতাসের গ্যাস সংযোগ সংক্রান্ত শর্তগুলো প্রতিপালনে আমি অঙ্গিকারবদ্ধ ছিলাম ।মিটার কারচুপি, মিটার টেম্পারিং সহ আরোপিত শর্তগুলো ভাজ করা হলে তিতাস গ্যাস সংযোগ বিছিন্ন করার ক্ষমতা রাখে। ০৭/০৬/২০০৩ তারিখে সর্ব প্রথম আমার ফ্যাকটরীতে গ্যাস সংযোগ দেওয়া হয় কিনা তা স্মরন নেই। সত্য নয় যে, মিটার টেম্পারিং সহ অনিয়মের কারনে ৩০/০৭/২০০৩ তারিখ তিতাস গ্যাস কর্তৃপক্ষ আমার ফ্যাকটরীর গ্যাস সংযোগ বিছিন্ন করে দেয়। সত্য নয় যে, উক্ত কারনে আমাকে জরিমানা করা হয় বা জরিমানা পরিশোধ আপোষে সংযোগ প্রদান করে। তবে বৃষ্টিতে মিটারের সিল নষ্ট হয়েছিল । সত্য যে, তিতাস কর্তৃপক্ষ আমাকে মিটার রাখার স্থান উঁচু করা এবং প্রশস্ত করার নির্দেশ প্রদান করেছিল। সত্য নয় যে, ২০/০৩/২০০৭ তারিখ আসামী কামরুজ্জাবান আমার গ্যাস লাইন ইনেসপেকশনে যান বা তিনি ২১টি মিলের মধ্যে ০৮ (আট)টি মিল ক্ষতিগ্রস্থ বা ভাঙ্গা দেখতে পান বা তিনি মিটার কারচুপির অভিযোগে আমার গ্যাস লাইন বিচ্ছিন্ন করার সুপারিশ করেন। । সত্য নয়। যে, ঐ সুপারিশের প্রেক্ষিতে তিতাস গ্যাস কর্তৃপক্ষ ০৯/০৪/২০০৭ তারিখে আমার গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করে। পরে বলেন যে= ৩৫০,০০০/- টাকা জরিমানা ও পুনঃ সংযোগ প্রদানের জন্য দরখাস্তকরা হয় কিনা তা

নম্বর ২০

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ
		আমি জানিনা। পুনঃ সংযোগ দেওয়ার জন্য তিতাস গ্যাস, বাড্ডা অফিসে আবেদন করা হয় কিনা আমার জানা নেই। কারন এসংক্রান্তে আমার অফিসের লোকজন দেখা শুনা করে। সত্য নয় যে,বাড্ডা অফিস ডেমরা অফিসকে গ্যাস সংযোগ দিতে বলে। আমার যতটুকু মনে পড়ে বিল বকেয়া পড়ার কারনে গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করা হয় এবং বিল পরিশোধ করার পর সংযোগ দেওয়া হয়। কামরুজ্জামান উর্ধ্বতন পুনঃ সংযোগ দেওয়ার জন্য নির্দেশ দেয় জানিনা। সত্য নয় যে, কর্তৃপক্ষের নির্দেশে ১৪/০৬/২০০৭ তারিখে ঐ পুনঃ সংযোগ দিতে কামরুজ্জামান যান । কামরুজ্জামান গ্যাস সংযোগ প্রদানের কাজটি নিজে থেকে করেন। সত্য নয় যে, কামরুজ্জামান টেকনিশিয়ান বা ঐ সংযোগ দেন। সত্য নয় যে, ঘটনার সময় কামরুজ্জামান পার্শ্ববর্তী এরকটা হোটেলে গ্যাস সংযোগ সংক্রান্তে রিপোর্ট প্রস্তুত করার সময় আমার নিয়মিত লোকজন আঃ রহিমকে ডেকে নিয়ে তার পকেটে=৫০০০/- টাকা ঢুকিয়ে দেন। সত্য নয় যে, রহিম ঘটনাস্থলে আপত্তি করে বা স্থানীয় লোকজন সহ হৈ চৈ শুরু করে।সত্য নয় যে হৈ চৈ শুনে কামরুজ্জামান ঘটনাস্থলে আসেন এবংআটককারীদের কাছে ঘটনা বিষয়ে জানতে চান ।সত্য নয় যে কামরুজ্জামান আঃ রহিমকে আটক করা বিষয়ে জানতে চাওয়ার কারনে আমার নিয়ন্ত্রিত র‍্যাবের লোকজন কামরুজ্জামানকেও আটক করেন। আসামীদের আটক করার সময় মহিউদ্দীন এন্ড সন্স নামীয় চালের দোকানের কাউকে আমি ডেকে আনিনি। আমার ফ্যাকটরীটি চেয়ারম্যান মার্কেটে অবস্থিত। মার্কেটটি নিচতলায়। দোতলা থেকে গার্মেন্টস শুরু, আমি ঐ ঘটনার সময় নিচতলার মার্কেটের কাউকে ঘটনাস্থলে ডেকে আনিনি।১০/০৬/২০০৭ এবং ১৩/৬/২০০৭ তারিখে আসামীদের টাকা দেওয়া সংক্রান্তে থানায় কোন GD করিনি। ফ্যাকটরী থেকে দক্ষিন খান থানার দুরত্ব ৫০০/৬০০ গজ।আমি RAB এর নিকট কোন লিখিত অভিযোগ দেইনি। নালিশী নোট গুলো সংক্রান্তে পূর্বেই ইনভেন্টরী করা হয়। উক্ত ইনভেন্টরী RAB র‍্যাব করে। আমি উক্ত Inventory আজ আদালতে দাখিল করিনি। ইনভেন্টরীটা র অফিসে যাওয়ার পর লেখা হয়। আমি Inventory তে স্বাক্ষর করিনি তবে টাকার পিছনে আমার স্বাক্ষর ছিল। এজাহারে সাইট প্রতিবেদন বইয়ের কথা উল্লেখ করা হয়েছে সত্য। প্রদর্শনী-৩ সিরিজ হিসাবে ঐ সাইট প্রতিবেদনে আমার স্বাক্ষর আছে। ১৪/০৬/2007 তারিখ পুনঃসংযোগ দেওয়া হয় সত্য। তার আগে ফ্যাকটরীর গ্যাস লাইন বিচ্ছিন্ন ছিল সত্য। প্রদর্শনী-IV সিরিজ প্রদত্ত গ্রাহকের তালিকা তিতাস ব্যবস্থাপক কর্তৃক স্বাক্ষরিত সত্য। প্রদর্শনী IV সিরিজ ফাইলটি তিতাস গ্যাস কোম্পানী কর্তৃক আমাদের ফ্যাকটরীতে গ্যাস সংযোগ সংক্রন্তে খোলা।সত্য নয় যে, মিটার টেম্পারিং সহ আমাদের বিভিন্ন অনিয়ম আসামী কামরুজ্জামান উদ্ঘাটন করায় তাকে ফাসানোর জন্য তার বিরুদ্ধে একটা সাজানো অভিযোগ দায়ের করেছি। সত্য নয়

দ্রষ্টব্য ঃ- কালো কালিতে অফিস নোটের একটি ক্রমিক নম্বর এবং লাল কালি কোর্টের আদেশ সমূহের ভিন্ন নম্বর দিতে হবে।

সি-২১/১৮-১৯(ল)/তারিখ ২৫-১১-১৮
গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস- কম্পিউটার শাখা-বি-৮৮৫/২০১৮-২০১৯/(লঃ)-২৭-১১-২০১৮-১,০০,০০০ কপি।

নম্বর ২০

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ
		যে, ঘটনা সাজানোর জন্য ২৩ ঘন্টা পর মামলা করেছি। সত্য নয় যে, টাকা বিষয়ে Inventory করা হয়নি। সত্য নয় যে, ঘটনা অসত্য হওয়ায় কোন স্থানীয় নিরপেক্ষ লোককে ঘটনা জানাইনি বা মামলাটি তিতাসের অর্থ আত্মসাৎ হতে বাঁচার জন্য।সত্য নয় যে, মিথ্যা মামলা করেছি বা মিথ্যা সাক্ষ্য দিলাম, সত্য নয় যে, আসামীর নিকট হতে কোন টাকা উদ্ধার হয়নি।
		আসামী আব্দুর রহিম পূর্বোক্ত জেরা Adopted. এবং গ্যাস সংযোগ সংক্রান্তে আমার অফিসের লোকজন দেখা শুনা করতো।তারা মকবুল হোসেন ও আঃ সালাম, আসামী আঃ রহিম উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে গ্যাস সংযোগ দিতে যান কিনা জানিনা। সত্য নয় যে,১৩/০৬/২০০৭ তারিখে আসামী আমার অফিসে যায়নি। সত্য নয় যে,আসামী আমার বা আমার লোকের কাছ থেকে ঘটনার দিন কোন টাকা পয়সা নেয়নি।সত্য নয় যে আমার অফিসের কাজ শেষ করে ফেরার পথে আমরাএকটা ঘটনা সাজিয়েছি বা আমাদের অপকর্ম ঢাকার জন্য ঐ সাজাই। সত্য নয় যে, নালিশী ঘটনাস্থলে আসামী আব্দুর রহিমের নিকট হতে কোন টাকা পয়সা উদ্ধার হয়নি। সত্য নয় যে, মিথ্যা সাক্ষ্য দিলাম। (সমাপ্ত)
		<u>পি,ডব্লিউ-৬</u>
		মোঃ মকবুল হোসেন
		২০০৭ সালে আমি নিপ্পন সোয়েটার লিঃ এর ম্যানেজার হিসাবে কর্মরত থাকা অবস্থায় উক্ত প্রতিষ্ঠানের এম,ডি দেওয়ান মোঃ আছাদুজ্জামানের নির্দেশক্রমে ১৪/০৬/২০০৭ ইং তারিখে বিকাল অনুমান ৫.৪৫ ঘটিকায় টেকনিশিয়ান আব্দুর রহিমকে একটা খাম দেই। উক্ত খামের মধ্যে ৫০০/- টাকার দশটি নোট ছিল। আব্দুর রহিম উক্ত খাম খুলে টাকা গননার সময় ওৎপেতে থাকা র‌্যাব সদস্যরা তাকে হাতে নাতে গ্রেপ্তার করে এবং জব্দ তালিকা করে। উক্ত জব্দ তালিকায় আমি হিসাবে স্বাক্ষর করি। উক্ত জব্দ তালিকায় আমার স্বাক্ষর সনাক্ত করিলাম, প্রদর্শনী-১(৩)।
		X X X আসামী কামরুজ্জামানের পক্ষে জেরাঃ
		Cross-declined.
		X X X X আসামী আব্দুর রহিমের পক্ষে জেরাঃ
		ঘটনার দিন আমি অনুমান সকাল ৯.০০ ঘটিকায় অফিসে যাই। ঘটনার দিন প্রায় রাত ১০ টা পর্যন্ত আমি অফিসে ছিলাম। আমাদের এম,ডি সকালেঅফিসে আসেন। তিনি রাত ১০.০০ ঘটিকার পর অফিস ত্যাগ করেন।সত্য যে, আমাদের ফ্যাক্টরীর গ্যাস লাইন একাধিকবার কাটা হয় ।আমাদের কোম্পানী গ্যাস লাইন বাবদ জরিমানা

নম্বর ২০

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ
		দিয়েছিল সত্য ।বিল বাকি থাকার কারনে গ্যাস লাইন কাটা হয় মর্মে আমি জানি। সত্যনয় যে, বিল বাকি থাকার কারনে গ্যাস লাইন কাটার দাবী সঠিক নয় ।গ্যাসের মিটার টেম্পারিং করে গ্যাস চুরি করার কারনে গ্যাস লাইন কাটা হয় সাজেশনের প্রেক্ষিতে সাক্ষী বলেন যে এটা আমার জানা নেই ।গ্যাস কর্তৃপক্ষের নির্দেশে না আমাদের ডাকে আসামী ঘটনার দিন ঘটনাস্থলে যায় তা আমার জানা নেই। সত্য নয় যে, আমি আসামীকে টাকা দেইনি বা টাকা গননারত অবস্থায় আসামীকে ধৃত করা হয়নি। সত্য নয় যে, আসামী আমাদের নিকট কোন টাকা দাবী করেনি বা সে আমার নিকট হতে কোন টাকা গ্রহন করেনি। ঘটনার দিন আমি অফিস হতে র‌্যাব অফিসে যাই। র‌্যাব অফিসে আমি এম,ডি, সহ আরো অনেকে গিয়েছিলাম। সত্য নয় যে, আসামীকে র‌্যাব অফিসে ২৪ ঘন্টা আটক রেখে টাকা উদ্ধারের গল্প সৃষ্টি করা হয়। সত্য নয় যে, নীজ অপরাধ ঢাকাতে এম,ডি এর নির্দেশে আজ আদালতে মিথ্যা সাক্ষ্য দিলাম । সমাপ্ত)
		<u>পি ডব্লিউ-৭</u>
		মোঃ জহির হোসেন
		উপ পরিচালক দুদক প্রধান কার্যালয়, ঢাকা উপসহকারী পরিচালক হিসাবে কর্মরত থাকা অবসহায় গত ১৭/06/2008 ইং তারিখে আমি এই মামলার তদন্তভার গ্রহন করি। তদন্তকালে পূর্ববর্তী তদন্ত কর্মকর্তার নিকট হতে মামলার রেকর্ডপত্র বুঝেনেই। ঘটনাস্থল পরিদর্শন করি, সাক্ষীদের বক্তব্য ফৌঃকাঃবিঃ এর ১৬১ ধারা মোতাবেক লিপিবদ্ধ করি। তদন্তকালে অভিযোগের সাথে আসামীদের সম্পৃক্ততার প্রমান পেয়ে গত ইং ২৮/০২/২০০১ তারিখে আসামীদের বিরুদ্ধে দন্ডবিধির১৬১ ধারা এবং ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারায় চার্জশীট প্রদানের সুপারিশ সহ অদ্য ফারক দাখিল করি। পরবর্তীতে কমিশন কর্তৃক চাজীট প্রদানের অনুমোদন প্রাপ্ত হয়ে গত ০৮/০৫/২০০ তারিখে বিচারার্থে এই চার্জশীট দাখিল করি ।কমিশন প্রদত্ত ২২/০৪/২০০৯ তারিখের চার্জশীট দাখিলের অনুমোদন পত্র সনাক্ত করিলাম, প্রদর্শনী – ৪, এই আমার জবানবন্দি।
		XXX <u>আসামী কামরুজ্জামান সরকারের পক্ষে জেরা।</u>
		তদন্তভার প্রাপ্ত হওয়ার পর এজাহার পর্যালোচনা করেছি। এজাহার বর্ণিত ১৪/৬/২০০৭ তারিখের ঘটনা ছিল মেসার্স মহিউদ্দিন এন্ড সন্স নামক চাউলের দোকানের সামনে। মহিউদ্দিন এন্ড সন্সের মালিক কে তদন্ত কালে জিজ্ঞাসাবাদ করিনি এবং তার জবানবন্দি রেকর্ড করিনি। এজাহারে উল্লিখিত ফ্যাক্টরির সহকারী হিসাব রক্ষক মোহাম্মাদ আলীকে জিজ্ঞাসাবাদ করিনি বা তার জবানবন্দি রেকর্ড করিনি। ১০/৬/২০০৭ ইং তারিখ এবং ১৩/০৬/২০০৭ তারিখে আসামীদের টাকা নেওয়া সম্পর্কে

নম্বর ২০

ক্রমিক নং	তারিখ	নোট ও আদেশ
